# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 05-09-2026** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ দেশজুড়ে আজ যথোচিত মর্যাদায় শিক্ষক দিবস পালিত হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, শিক্ষার গুণগত মানোন্নয়নের মাধ্যমেই বিকশিত ভারতের লক্ষ্যপূরণ সম্ভব।

# আজ নতুনদিল্লিতে পশ্চিমবঙ্গের দু'জন সহ ৪৮ জন বিদ্যালয় শিক্ষক-শিক্ষিকাকে জাতীয় শিক্ষক পুরস্কারে সম্মানিত করেছেন।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শিক্ষকদের পাঠ্যপুস্তকের গন্ডি পেরিয়ে শিক্ষার্থীদের জীবন গড়ে তোলার পাশাপাশি শৈশবকে বাঁচিয়ে রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন।

৩/ বিহারে বন্যা পরিস্থিতি অপরিবর্তিত। রাজধানী পাটনা সহ ১৪-টি জেলার অবস্থা অত্যন্ত উদ্বেগজনক।

৪/ মার্কিন যুক্তরাষ্ট্রের ফেডারেল আদালত ডাকযোগে ভোটদান নিয়ন্ত্রিত করার লক্ষ্যে ইউ এস পোস্টাল সার্ভিসের নতুন নিয়ম চালু করার ক্ষেত্রে ট্রাম্প প্রশাসনের নিষেধাজ্ঞার মেয়াদ বাড়িয়েছে।

৫/ ভিয়েতনামের না ট্রাং শহরে আজ মিস ওয়ার্ল্ড ২০২৬-এর চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হতে চলেছে।

৬/ মহিলাদের এশিয়া কাপ ক্রিকেটে আজ গ্রুপ পর্বে তাদের শেষ ম্যাচে ভারত, চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তানের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooo

দেশজুড়ে আজ যথোচিত মর্যাদায় শিক্ষক দিবস পালিত হচ্ছে। ভূতপূর্ব রাষ্ট্রপতি, দার্শনিক ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণনের জন্মদিনটি শিক্ষক দিবস হিসেবে পালিত হয়ে থাকে।

নতুনদিল্লিতে আজ জাতীয় শিক্ষক পুরস্কার প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, শিক্ষার গুণগত মানোন্নয়নের মাধ্যমেই বিকশিত ভারতের লক্ষ্যপূরণ সম্ভব। জাতীয় শিক্ষক পুরস্কার প্রদান অনুষ্ঠানে তাঁর ভাষণে রাষ্ট্রপতি বলেন, যে সমাজে শিক্ষকরা সম্মানিত হন, প্রকৃত অর্থে সেই সমাজই এগিয়ে চলেছে।

**বাইট – রাষ্ট্রপতি**

আজ রাষ্ট্রপতি ভবনে পশ্চিমবঙ্গের দু'জন সহ ৪৮ জন বিদ্যালয় শিক্ষক-শিক্ষিকাকে জাতীয় শিক্ষক পুরস্কারে সম্মানিত করেছেন রাষ্ট্রপতি।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শিক্ষকদের পাঠ্যপুস্তকের গণ্ডি পেরিয়ে শিক্ষার্থীদের জীবন গড়ার পাশাপাশি তাদের শৈশবকে বাঁচিয়ে রাখার ক্ষেত্রে আরও বড় ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন। নতুনদিল্লিতে গতকাল এবছরের জাতীয় শিক্ষক পুরস্কার বিজয়ীদের সঙ্গে আলাপচারিতার সময় তিনি এ-কথা বলেন। সমাজমাধ্যমে শিক্ষকদের সঙ্গে সেই আলাপচারিতার কিছু মুহূর্ত তুলে ধরার সময় প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, শিক্ষকদের নিশ্চিত করতে হবে যেন প্রতিটি শিক্ষার্থীর ভেতরের শিশুসত্তাটি বেঁচে থাকে। সে-জন্য তাঁদের নিজেদের ভেতরের শিশুসত্তাটিকেও বাঁচিয়ে রাখতে হবে।

**বাইট – প্রধানমন্ত্রী**

স্বাস্থ্য ও সমাজের গুরুত্বপূর্ণ বিষয়গুলির ওপর আলোকপাত করে শ্রী মোদী শিশুদের অতিরিক্ত সময় ধরে স্ক্রিন বা ডিজিটাল ডিভাইসের দিকে তাকিয়ে থাকার বিষয়ে উদ্বেগ

প্রকাশ করেন। তিনি খেলাধুলা, ঘরের বাইরের কার্যকলাপ এবং সৃজনশীল কাজে শিশুদের উৎসাহিত করার পরামর্শ দেন। এছাড়া তিনি স্তন ক্যানসার সচেতনতা নিয়েও কথা বলেন। মাদকদ্রব্যের বিপদ সম্পর্কে সতর্ক ক'রে প্রধানমন্ত্রী বলেন, এ-বিষয়ে ক্রমাগত সচেতনতা গড়ে তুলতে হবে, কারণ শিশুরা অজান্তেই এসব ক্ষতিকর পদার্থের কবলে পড়তে পারে।

**বাইট – প্রধানমন্ত্রী**

উল্লেখ্য, এ-বছর তিনটি বিভাগ থেকে মোট ৮২ জন শিক্ষক ও শিক্ষাবিদকে জাতীয় শিক্ষক পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়। এর মধ্যে রয়েছেন স্কুল শিক্ষা ও সাক্ষরতা বিভাগের ৪৮ জন শিক্ষক, উচ্চশিক্ষা প্রতিষ্ঠান ও পলিটেকনিকের ২১ জন শিক্ষক ও প্রশিক্ষক এবং দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা মন্ত্রকের ১৩ জন প্রশিক্ষক। পুরস্কারপ্রাপকরা প্রধানমন্ত্রীর সঙ্গে মতবিনিময়ের সময় তাঁদের শিক্ষকতা জীবনের অভিজ্ঞতা ও উদ্ভাবনী প্রচেষ্টার কথা তুলে ধরেন।

oooooooooooooooooooooooo

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ শিক্ষক দিবস উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজমাধ্যমে এক বার্তায় উপরাষ্ট্রপতি ভারতের ভবিষ্যৎ গঠনে শিক্ষকদের নিঃস্বার্থ অবদানের জন্য তাঁদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। সমাজমাধ্যমে এক বার্তায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, শিক্ষকরা প্রজন্মের পর প্রজন্ম ধরে শিক্ষার্থীদের জ্ঞান অর্জনের পথে পথপ্রদর্শক হিসেবে কাজ করেছেন।

কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী প্রহ্লাদ জোশী বলেছেন, শিক্ষকরা জ্ঞান, দক্ষতা ও আত্মবিশ্বাসের মাধ্যমে শিক্ষার্থীদের ভবিষ্যৎকে সমৃদ্ধ ও শক্তিশালী করে তোলেন। শিক্ষক দিবস উপলক্ষে সমাজমাধ্যমে একটি ভিডিও বার্তা শেয়ার করে তিনি বিশিষ্ট পণ্ডিত, দার্শনিক ও শিক্ষক ড.

সর্বপল্লী রাধাকৃষ্ণনের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনি আরও জানান, এ-বছর স্কুল শিক্ষা, উচ্চশিক্ষা ও দক্ষতা উন্নয়ন—এই ক্ষেত্রগুলি থেকে ৮২ জন অসাধারণ শিক্ষককে ‘জাতীয় শিক্ষক পুরস্কার ২০২৬’-এ ভূষিত করা হচ্ছে। তাঁরা উদ্ভাবন, প্রযুক্তি, অন্তর্ভুক্তিমূলক শিক্ষা, খেলাধুলা, শিল্পকলা ও দক্ষতার মাধ্যমে শিক্ষার্থীদের জন্য উন্নত সুযোগ ক’রে দিতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন।

বাইট – প্রহ্লাদ জোশী

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লাও আজ শিক্ষক দিবস উপলক্ষ্যে দেশের শিক্ষক-শিক্ষিকাদের অভিনন্দন জানিয়েছেন। সমাজমাধ্যমে এক বার্তায় শ্রী বিড়লা বলেন, জাতির অগ্রগতি শুধুমাত্র তার অর্থনৈতিক মজবুতির ওপরেই নির্ভর করে না, নাগরিকদের শিক্ষা, মনন, চরিত্র ও দায়িত্ববোধের ওপর তা বহুলাংশে নির্ভরশীল। তিনি বলেন, জাতি গঠনে মূল্যবোধের শিক্ষা শিক্ষকদের কাছ থেকে দেশ আশা করে। এই প্রসঙ্গে তিনি ভূতপূর্ব রাষ্ট্রপতি, বিশিষ্ট শিক্ষাবিদ ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণনের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল ও জলপথ পরিবহন মন্ত্রী সর্বানন্দ সোনোওয়াল আজ পদ্মশ্রী ইন্দিরা মিরি বাইদেওকে তাঁর প্রয়াণদিবসে শ্রদ্ধা নিবেদন করেছেন। শিক্ষকদিবস উপলক্ষ্যে সমাজমাধ্যমে এক বার্তায় মন্ত্রী বলেন, উত্তর-পূর্ব ভারতে শিক্ষার প্রসারে ইন্দিরা মিরি বাইদেও গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। বিশেষত, মহিলা ও সমাজের প্রান্তিক শ্রেণীর মানুষের মধ্যে শিক্ষার আলো পৌঁছে দিতে তাঁর অবদান চিরস্মরণীয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে শ্রীরাম কলেজ অফ কমার্সের শতবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানে অংশ নেবেন। এই উপলক্ষ্যে এক সভাতেও ভাষণ দেবেন তিনি।

উল্লেখ্য, দিল্লি বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত অন্যতম উল্লেখযোগ্য শিক্ষা প্রতিষ্ঠান, এই শ্রীরাম কলেজ অফ কমার্স স্থাপিত হয় ১৯২৬ সালে। বিশিষ্ট শিল্পপতি ও জনহিতৈষী স্যার শ্রীরাম, এই কলেজটি প্রতিষ্ঠা করেন। পরবর্তীকালে তা’ বাণিজ্য, অর্থনীতি ও ম্যানেজমেন্টের এক উল্লেখযোগ্য শিক্ষা কেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করে।

শিক্ষক দিবসের সঙ্গেই এবার এই কলেজের শতবার্ষিকী উদ্‌যাপনের এই অনুষ্ঠান বিশেষ তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে।

oooooooooooooooooooooooo

শিক্ষক দিবস উপলক্ষ্যে পশ্চিমবঙ্গের মূল অনুষ্ঠানটি হয় নিউটাউনে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী কয়েকজন কৃতি শিক্ষককে তাঁদের অসামান্য অবদানের জন্য বিদ্যাসাগর শিক্ষা সম্মানে ভূষিত করেছেন। দেশের প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণনের প্রতিও শ্রদ্ধা নিবেদন করেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষাক্ষেত্রে বিদ্যাসাগর নতুন দিশা দেখিয়ে গেছেন। শিক্ষকদের অন্তর থেকে সম্মান প্রদর্শন করা উচিত বলে তিনি মন্তব্য করেন। প্রতিবন্ধকতা অতিক্রম ক’রে রাজ্যকে শিক্ষাক্ষেত্রে আবার সামনের সারিতে নিয়ে আসার ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন তিনি। তিনি আক্ষেপের সুরে বলেন, এখনও বহু বিদ্যালয়ে যথাযথ পরিকাঠামো গড়ে ওঠেনি।

oooooooooooooooooooooooo

চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় আজ সারা দেশে ‘নন্দোৎসব’-এর আয়োজন করা হচ্ছে। শ্রীকৃষ্ণ-র জন্ম উপলক্ষ্যে গোকুলের রাজা নন্দ যে উতসব পালন করেছিলেন, তার স্মরণে ‘নন্দোৎসব’ উদ্‌যাপিত হয়ে থাকে।

মহারাষ্ট্র সহ কয়েকটি স্থানে আজ এই উপলক্ষে দহি হাণ্ডি উৎসবের ও আয়োজন করা হচ্ছে। চিরাচরিত ধর্মীয় মর্যাদায় গতরাতে জন্মাষ্টমী উৎসব উদ্‌যাপিত হয়।

উত্তরপ্রদেশের মথুরায় শ্রীকৃষ্ণ জন্মভূমি মন্দিরে এই উপলক্ষ্যে বিশেষ সমারোহের আয়োজন করা হয়। অসংখ্য ভক্ত সেখানে সমবেত হন।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মেচেদার ইস্কন মন্দিরে জন্মাষ্টমীর অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন।

oooooooooooooooooooooooo

কেরলমের ত্রিশূর জেলায় ভয়াবহ সড়ক দুর্ঘটনায় আটজনের মৃত্যু হয়েছে। নিহতরা তামিলনাড়ুর শিক্ষার্থী বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে।

কাইপামাঙ্গলমের পানাম্বিক্কুন্নু এলাকায় গতকাল রাতে মহাসড়কের পাশে দাঁড়িয়ে থাকা একটি লরিতে তাঁদের গাড়িটি ধাক্কা মারে। গাড়িতে থাকা আটজনেরই ঘটনাস্থলে মৃত্যু হয়। দুর্ঘটনার খবর পেয়ে স্থানীয় বাসিন্দা, দমকল ও উদ্ধারকারী দল এবং পুলিশ ঘটনাস্থলে পৌঁছয়। যৌথভাবে উদ্ধারকাজ চালিয়ে গাড়ি থেকে আটজনের দেহ বের করা হয়।

দুর্ঘটনাগ্রস্ত গাড়িটির নম্বর তামিলনাড়ুর। পুলিশ জানিয়েছে, গাড়িটি গুরুভায়ুর থেকে কোডুঙ্গাল্লুরের দিকে যাচ্ছিল। নিহতদের পরিচয় এবং দুর্ঘটনার বিস্তারিত কারণ খতিয়ে দেখা হচ্ছে।

oooooooooooooooooooooooo

বিহারে বন্যা পরিস্থিতি অপরিবর্তিত। রাজধানী পাটনা সহ ১৪ জেলার অবস্থা অত্যন্ত উদ্বেগজনক। গঙ্গা, গণ্ডক, কোশী সহ গুরুত্বপূর্ণ নদীগুলির জল ক্রমশ বাড়ছে। জলসম্পদ দফতর সূত্রে জানা গেছে, পাটনায় গঙ্গার জল বিপদসীমার ২ মিটার ওপর দিয়ে বইছে।

নীচু এলাকাগুলি জলমগ্ন। বন্যার কারণে বিস্তীর্ণ এলাকার স্বাভাবিক জনজীবন বিপর্যস্ত। স্পর্শকাতর এলাকাগুলির ওপর প্রশাসন নজর রেখেছে। আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, পাটনার পাশাপাশি ঔরঙ্গাবাদ, ভাগলপুর, জেহনাবাদ, ভোজপুর, নালন্দা, রোহতাস, লখীসরাই, মুঙ্গের, বেগুসরাই, খাগারিয়া এবং বৈশালী জেলায় বন্যা পরিস্থিতির কোনো উন্নতি হয়নি। বিপর্যয় মোকাবিলা দপ্তর জানিয়েছে, সাড়ে ৮ লক্ষের বেশী মানুষ বন্যা কবলিত। দুর্গতদের সুবিধার্থে ৭শো টি নৌকা চালানো হচ্ছে। খোলা হয়েছে ত্রাণ শিবির ও কমিউনিটি কিচেন সেন্টার। গয়া - পাটনা রেলপথে পুনপুন ঘাটের ২১ নম্বর রেল সেতুর ডাউন ট্র্যাকে জল জমায় পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ঐ পথে ট্রেন চলাচল বন্ধ রয়েছে।

oooooooooooooooooooooooo

মার্কিন যুক্তরাষ্ট্রের ফেডারেল আদালত ডাকযোগে ভোটদান নিয়ন্ত্রিত করার লক্ষ্যে ইউ এস পোস্টাল সার্ভিসের নতুন নিয়ম বাস্তবায়নের ওপর ট্রাম্প প্রশাসনের নিষেধাজ্ঞার মেয়াদ বাড়িয়েছে। নির্বাচনী আধিকারিকরা সতর্ক করে বলেছেন, ভোটদানের নিয়ম পরিবর্তন করলে বিভ্রান্তি সৃষ্টি হতে পারে। ফেডারেল আদালতের বিচারক ইন্দিরা তালওয়ানি গতকাল এসংক্রান্ত নির্দেশ দেন। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এর আগে বারবার ডাকযোগে ভোটদানের সমালোচনা করেছেন। এই সিদ্ধান্তের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে আপিল করবে বলে ট্রাম্প প্রশাসন জানিয়েছে।

oooooooooooooooooooooooo

ভিয়েতনামের না ট্রাং শহরে ‘মিস ওয়ার্ল্ড ২০২৬’-এর চূড়ান্ত পর্ব আজ হতে চলেছে। মুকুট জয়ের এই লড়াইয়ে অংশ নিচ্ছেন মোট ১১১ জন প্রতিযোগী। ‘মিস ওয়ার্ল্ড ২০২৫’-এর বিজয়ী থাইল্যান্ডের সুচাতা চুয়াংশ্রী তাঁর উত্তরসূরিকে মুকুট পরিয়ে

দেবেন। ভারতের প্রতিনিধিত্ব করছেন ‘ফেমিনা মিস ইন্ডিয়া ওয়ার্ল্ড ২০২৪’-এর বিজয়ী নিকিতা পোরওয়াল।

এর আগে ২০১৭ সালে মানুষী চিল্লার দেশের হয়ে শেষবার ‘মিস ওয়ার্ল্ড’ খেতাব জিতেছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মহিলাদের এশিয়া কাপ ক্রিকেটে আজ গ্রুপ পর্বে তাদের শেষ ম্যাচে ভারত, চির প্রতিদ্বন্দ্বী পাকিস্তানের মুখোমুখি হবে। দুবাই আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত আটটায়। যদিও ভারত আগেই প্রতিযোগিতার সেমিফাইনালে উঠে যাওয়ায় এই ম্যাচ কার্যত নিয়মরক্ষার হয়ে দাঁড়িয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০